গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অধ্যক্ষের কার্যালয়**
রাজশাহী কলেজ, রাজশাহী।

e-mail: *rcadmsn@gmail.com* website: *http://rc.gov.bd* / *http://rc.edu.bd*
online news portal: *http://rc.edu.bd/rcbarta*

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৬.৬৯৬

তারিখ ২২ বৈশাখ ১৪৩৩ ব:
০৫ মে ২০২৬ খ্রি.

# ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে চূড়ান্ত ভর্তির বিজ্ঞপ্তি

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমের ১ম মেধাতালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ১৭/০৫/২০২৬ তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) প্রবেশ করে চূড়ান্ত আবেদন ফরমটি যথাযথভাবে পূরণপূর্বক ০২(দুই) কপি A4 (৮.৫´´×১১´´) সাইজের অফসেট সাদা কাগজে প্রিন্ট নেয়ার পর রাজশাহী কলেজে ভর্তির নিমিত্তে **ডাচবাংলা (DBBL) মোবাইল ব্যাংকিং পদ্ধতির নিচে প্রদত্ত নির্দেশনা মোতাবেক Admission Roll এর বিপরীতে** বিষয়ভিত্তিক নির্দিষ্ট ফিসের টাকা আগামী **০৭/০৫/২০২৬ থেকে** ১৭/০৫/২০২৬ তারিখের মধ্যে জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে

১। **ভর্তির সময়সূচি ঃ**

ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত আবেদন ফরম প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী **০৭/০৫/২০২৬ থেকে ১৭/০৫/২০২৬ (সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত)** পর্যন্ত বেলা ০২:০০টার মধ্যে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

২। **ভর্তির নিয়মাবলী:**

(ক) মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীরা ভর্তির জন্য প্রথমে জাতীয় বিশ্ববিদ্যালয়ে আবেদন-এর লিংকে প্রবেশ করে Application Roll ও PIN Number দিয়ে লগইন করে আবেদন ফরম ডাউনলোড করে নিতে হবে।

(খ) রাজশাহী কলেজে ভর্তির জন্য শিক্ষার্থীদেরকে জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে প্রাপ্ত **Admission Roll** নম্বর ব্যবহার করতে হবে। ডাচবাংলা (DBBL) মোবাইল ব্যাংকিং পদ্ধতির নিচে প্রদত্ত নির্দেশনা মোতাবেক **Admission Roll** এর বিপরীতে বিষয়ভিত্তিক নির্দিষ্ট ফিসের টাকা আগামী **০৭/০৫/২০২৬ থেকে ১৭/০৫/২০২৬** তারিখের মধ্যে জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। কলেজ নোটিশ বোর্ড ও ওয়েবসাইট-এর নোটিশ বোর্ড অথবা *https://rc.edu.bd/hons-admission-fees/* লিংক, বিভাগ ও ক্যাশ শাখা হতে ফি'র পরিমাণ জানা যাবে।

(গ) **DBBL মোবাইল ব্যাংকিং এর নিয়মাবলী:**

১. যেসকল মোবাইলে DBBL মোবাইল এ্যাকাউন্ট রয়েছে,সেই মোবাইল থেকে *322# ডায়াল করে DBBL মোবাইল ব্যাংক মেনুতে যান
২. পেমেন্ট 1 (One) সিলেক্ট করুন
৩. নিজের মোবাইল থেকে হলে 1 (One) সিলেক্ট করুন। অন্য মোবাইল থেকে হলে Other 2 (Two) সিলেক্ট করুন
৪. অন্য মোবাইল থেকে হলে নিজের মোবাইল নম্বর দিন (Enter Student Mobile Number)
৫. Other 0 (Zero) সিলেক্ট করুন
৬. রাজশাহী কলেজের Biller ID 304 টাইপ করুন
৭. Bill No-এ আপনার **Admission roll** দিন।
৮. টাকার পরিমাণ লিখুন
৯. চার ডিজিটের PIN টাইপ করুন
১০. OK/Send বাটন চাপুন
১১. পেমেন্ট সফলভাবে সম্পন্ন হলে আপনি DBBL থেকে TrxID যুক্ত একটি মেসেজ পাবেন এবং স্বয়ংক্রিয়ভাবে আপনার ভর্তি সম্পন্ন হবে। এবং ভর্তির লিংক এ গিয়ে আপনার পেমেন্ট স্লিপ ডাউনলোড করুন।

**** রকেট app এর Bill Pay অপশন ব্যবহার করেও ফি পরিশোধ করা যাবে।**

(ঘ) **এরপর *https://rc.gov.bd/admission-formfillup/* লিংকের Hons Online Admission বাটন অথবা সরাসরি *http://180.211.183.206/EasyCollegeMate/public/Admission/Honours* লিংকে প্রবেশ করে Admission Roll দিয়ে *Next* বাটন চাপলে শিক্ষার্থীর তথ্যযুক্ত ফরম উন্মুক্ত হবে। ফরমের উপরে প্রদত্ব লিংক থেকে Admission Confirmation Slip ও Student Admission Form ডাউনলোড করে প্রয়োজনীয় কাগজ-পত্রসহ স্ব স্ব বিভাগে জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।**

(ঙ) যে সকল শিক্ষার্থী ভুল **Admission Roll** ব্যবহার আবেদন করেছে তারা ফি পরিশোধের পূর্বে *https://rc.gov.bd/admission-formfillup/* লিংকের **Hons Online Admission** বাটন অথবা সরাসরি *http://180.211.183.206/EasyCollegeMate/public/Application/honours* লিংকে গিয়ে সঠিক **Admission Roll** দিয়ে আবেদন করলে পেমেন্ট অপশন আসবে। এরপর **Admission Roll** এর বিপরীতে ফি পরিশোধ করে **Admission Confirmation Slip** ও **Student Admission Form** ডাউনলোড করে প্রয়োজনীয় কাগজ-পত্রসহ স্ব স্ব বিভাগে জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

(চ) **সতর্কীকরণঃ ফি পরিশোধের পর ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে ২(ঘ) অনুচ্ছেদে বর্ণিত পদ্ধতি মোতাবেক Admission Confirmation Slip ও Student Admission Form ডাউনলোড করা বাধ্যতামূলক।**

**৩। অনলাইন প্রিন্ট কপির সঙ্গে যে সকল কাগজ সংযুক্ত করতে হবে তার বিবরণ এবং অন্যান্য নির্দেশনা**

(ক) উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার মূল নম্বরপত্র স্ব স্ব বিভাগে জমা দিতে হবে। অধ্যয়নকালীন সময়ে মূল নম্বরপত্রটি সংশ্লিষ্ট বিভাগে জমা থাকবে।

(খ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ড, প্রশংসাপত্র এবং ভর্তির প্রাথমিক আবেদনপত্রের Applicants কপি ০১ (এক) কপি করে ফটোকপি অনলাইন আবেদন ফরমের College কপির সঙ্গে সংযুক্ত করতে হবে।

(গ) ০৪ (চার) কপি পাসপোর্ট আকারের রঙিন ছবি অনলাইন পিন্ট কপির নির্দিষ্ট স্থানে সংযুক্ত করতে হবে (ছবি গুলো ভর্তির প্রাথমিক আবেদনপত্রের ছবির অনুরূপ হবে)।

(ঘ) DBBL মোবাইল এ্যাকাউন্টে টাকা জমা দিয়ে *http://180.211.183.206/EasyCollegeMate/public/Admission/Honours* লিংকে Admission roll ব্যবহার করে নিজের তথ্যে প্রবেশ করা যাবে। সেখান থেকে **Admission Confirmation Slip** ও **Student Admission Form** ডাউনলোড এবং প্রিন্ট করে **উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল নম্বরপত্রসহ** বিভাগে জমা দিতে হবে।

(ঙ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তির আবেদন ফরমের Student কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ সংশ্লিষ্ট বিভাগ শিক্ষার্থীকে ফেরত দিবে।

***বিঃদ্রঃ*** **এ মর্মে সতর্ক করা যাচ্ছে যে, ভর্তিচ্ছু কোন প্রার্থী ভর্তি সংক্রান্ত সঠিক তথ্য গোপন রেখে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধি লঙ্ঘন করে ভর্তি হলে এবং এ বিষয়ে পরবর্তীতে কোন জটিলতা দেখা দিলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না। সংশ্লিষ্ট প্রার্থীই এ বিষয়ে সম্পূর্ণরূপে দায়ী থাকবে।**

স্বাঃ
অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী।

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৬.৬৯৬(২৭)

তারিখ ২২ বৈশাখ ১৪৩৩ ব:
০৫ মে ২০২৬ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। উপাধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী;

২। বিভাগীয় প্রধান, ........................................................বিভাগ, রাজশাহী কলেজ, রাজশাহী। **ভর্তিকৃত শিক্ষার্থীদের ভর্তি সংক্রান্ত ডাটা অনলাইনে নিশ্চয়নের লক্ষ্যে প্রতিদিনের ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ভর্তির আবেদন ফরম সেই দিন বেলা ২.৩০ টার মধ্যে এবং ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর সংখ্যা এবং শূন্য আসনের তালিকা ১৯/০৫/২০২৬ তারিখ বিকাল ২.৩০ টার মধ্যে ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে;**

৩। আহ্বায়ক, ১ম বর্ষ অনার্স ভর্তি কমিটি ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী;

৪। ম্যানেজার, ডাচবাংলা মোবাইল ব্যাংক, রাজশাহী/ম্যানেজার, ডাচবাংলা ব্যাংক লিঃ, অলকার মোড়, রাজশাহী;

৫। ক্যাশিয়ার, রাজশাহী কলেজ, রাজশাহী;

৬। সংরক্ষণ নথি।

অধ্যক্ষ 05/05/2026
রাজশাহী কলেজ, রাজশাহী।
05/05/26